

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.৯৯.১১৭.১৯-৫৯১

তারিখঃ ০২ অগ্রহায়ণ ১৪২৬  
১৭ নভেম্বর ২০১৯

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৯৮৩৯/২০১৯ মামলায় ১৮.০৯.১৯ তারিখের আদেশের আলোকে গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন ভুরারঘাট এম.ইউ.বহুমুখী ফাজিল (ডিগ্রী) মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মো: মোজাম্মেল হক এর নাম এমপিওভুক্তকরণ।

সূত্রঃ ভুরারঘাট এম.ইউ. বহুমুখী ফাজিল (ডিগ্রী) মাদ্রাসা এর স্মারক নং-ভূফামা-১৮/১৯

তারিখ: ০১.১১.১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন ভুরারঘাট এম.ইউ.বহুমুখী ফাজিল (ডিগ্রী) মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মো: মোজাম্মেল হককে বর্ণিত প্রতিষ্ঠান কর্তৃক গত ২৯.০৯.১৫ তারিখে নিয়োগপত্র প্রদান করা হয়।

০২। উক্ত নিয়োগপত্রের প্রেক্ষিতে বর্ণিত শিক্ষক কর্তৃক গত ০১.১০.২০১৫ তারিখে যোগদান করে বিধি মোতাবেক এমপিওভুক্তির লক্ষে অনলাইনে আবেদন করা হয় (প: পূ: ৪-৬)। আবেদনের পরেও কোন কারণ ছাড়াই বাতিল করায় এমপিওভুক্তির জন্য বর্ণিত শিক্ষক কর্তৃক গত ১৮.০৮.১৯ তারিখে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর আবেদন করা হয়।

০৩। উক্ত আবেদনটি নিষ্পত্তি না হওয়ায় বর্ণিত শিক্ষক কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৯৮৩৯/১৯ দায়ের করা হয়। উক্ত রিট মামলায় ১নং রেসপনডেন্ট সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ২নং রেসপনডেন্ট চেয়ারম্যান, মাদ্রাসা শিক্ষা বোর্ড, ৩নং রেসপনডেন্ট মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এবং আরো অন্যান্যসহ মোট ০৯ (নয়) জনকে রেসপনডেন্ট করা হয়।

০৪। উক্ত রিট মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক গত ১৮.০৯.১৯ তারিখে নিম্নরূপ আদেশ প্রদান করা হয়:

Accordingly, the Respondent No.3 the Director General, Bangladesh Madrasha Education Odhidaptar, Dhaka is directed to dispose of the representation application dated 19.08.2019 (Annexure-D to the Writ Petition submitted before him by the petitioner within a period of 30 (thirty) days from the date of receipt of this order in accordance with law.

০৫। উক্ত রিট মামলার রায়/আদেশের আলোকে এমপিওভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক কর্তৃক TMED এর সচিব মহোদয় বরাবর সূত্রমূলে আবেদন করা হয়।


০৬। যেহেতু উক্ত রিট মামলার ১৮.০৯.১৯ তারিখের আদেশে পিটিশনার কর্তৃক ১৯.০৮.১৯ তারিখের আবেদনপত্রটি (যা মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর দাখিল হয়েছিল) যথাসময়ে নিষ্পত্তি না করায় রিট মামলার উদ্ভব হয়েছে সেহেতু বর্ণিত রিট মামলার নির্দেশনা মোতাবেক পিটিশনারের ১৯.০৮.১৯ খ্রি. তারিখের আবেদনটি মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক বিধিগতভাবে নিষ্পত্তি হওয়া আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৯৮৩৯/১৯ মামলায় গত ১৮.০৯.১৯ খ্রি. তারিখের নির্দেশনা মতে পিটিশনারের ১৯.০৮.১৯ তারিখের আবেদনটি বিধি অনুযায়ী নিষ্পত্তি করে পিটিশনারকে জানিয়ে গৃহীত পদক্ষেপের তথ্য মহামান্য আদালতকে (আইনগত সুযোগ থাকলে) অবহিতক্রমে আগামী ০৫.১২.১৯ তারিখের মধ্যে TMED কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ক. রিট পিটিশন নং-৯৮৩৯/১৯ মামলার রায়ের কপি- ০৩ পাতা

খ. পিটিশনারের ১৯.০৮.১৯ তারিখের আবেদনের কপি- ০১ পাতা।

গ. সূত্রোক্ত আবেদনপত্রের কপি-০১ পাতা।

  
(মো: আ: খালেক মিয়া)

সিনিয়র সহকারী সচিব (আইন)

ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,  
লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
- ৪। জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
- ৬। অতিরিক্ত সচিব/উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। জনাব মো: মোজাম্মেল হক, সহকারী মৌলভী, ভুরারঘাট এম.ইউ. বহুমুখী ফাজিল (ডিগ্রী) মাদ্রাসা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
- ৮। মাস্টার কপি/অফিস কপি।